

দুটি সন্তানের বেশি নয়
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা- ১২১৫।

স্মারক নং-পপঅ/প্রশা-১/বিবিধ/৩৪৯/২০১৬/ ৩২২৬

তারিখ : ২২ কার্তিক, ১৪২৪
০৬ নভেম্বর, ২০১৭

অফিস আদেশ


পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের স্বাক্ষর স্ক্যান করে বিগত ০২/১১/২০১৭ খ্রি. তারিখের পপঅ/প্রশা-১/বিবিধ/৩৪৯/২০১৬/২৯৪৭ নম্বর স্মারক উল্লেখপূর্বক কে বা কারা একটি ভূয়া পরিপত্র তৈরিপূর্বক তা সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট করেছেন।

এ পরিপত্রটি সঠিক নয়। পরিবার পরিকল্পনা অধিদপ্তর থেকে এ ধরনের কোন পরিপত্র জারী করা হয়নি। ইতোমধ্যে এহেন অপরাধমূলক কর্মকাণ্ডের বিষয়ে একটি তদন্ত কমিটি গঠনপূর্বক যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করার পদক্ষেপ নেয়া হয়েছে।

এমতাবস্থায়, এ ধরনের মিথ্যা ও বিভ্রান্তিকর এবং জনস্বার্থের পরিপন্থি কার্যকলাপ থেকে বিরত থাকার জন্য কঠোরভাবে সতর্ক করা হলো। উল্লেখ্য, এ ধরনের কোন বিভ্রান্তিকর তথ্য দৃষ্টিগোচর হলে ও জড়িত ব্যক্তিদের সম্পর্কে জানা থাকলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তাৎক্ষণিকভাবে তা অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

এ ছাড়াও এধরনের কোন পোস্ট শেয়ার, লাইক, ট্যাগ এবং মন্তব্য করা থেকে সকলকে বিরত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

মহাপরিচালকের অনুমোদনক্রমে।


(মোঃ আব্দুর রহিম চৌধুরী)
উপপরিচালক (পার্সোনেল)
ফোন : ৮১২৮৫৭৭

বিরতণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক/লাইন ডাইরেক্টর (.....), এ অধিদপ্তর।
- ৩। পরিচালক, পরিবার পরিকল্পনা, বিভাগ।
- ৪। পরিচালক, MFSTC, মোহাম্মদপুর, ঢাকা/তত্ত্বাবধায়ক, MCHTI, আজিমপুর, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা।
- ৬। উপপরিচালক, পরিবার পরিকল্পনা,।
- ৭। অধ্যক্ষ, পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা।
- ৮। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি),
- ৯। বৈশাখী চৌধুরী, সহকারী মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, এ অধিদপ্তর (অফিস আদেশটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। মহাপরিচালক / পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ অধিদপ্তর।